



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চমাধ্যমিক শাখা), EIIN: 105822

ফ্যাক্সঃ ৮৮-০৮১-৯১৯৯১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: https://www.facebook.com/cvgc.edu.bd

তারিখ : ১৯/০৯/২০২৩ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষামন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-১২৫, তারিখ: ৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দের বিজ্ঞপ্তি মোতাবেক কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে যথাসময়ে ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো:

১। ভর্তির জন্য অনুসরণীয় প্রক্রিয়া:

- ১.১ কলেজের ওয়েবসাইট www.cvgc.edu.bd তে **How to fill up HSC adm. form** অপশনে ক্লিক করে ভর্তির নির্দেশিকা সতর্কতার সাথে অনুসরণ করতে হবে। বিশেষ করে পাঠদানের সুবিধার্থে সচল মোবাইল নম্বর, g-mail id এবং ফেসবুক আইডি দেয়া জরুরী।
- ১.২ কলেজের ওয়েবসাইট www.cvgc.edu.bd তে **HSC Admission 2023-2024** অপশনে প্রবেশ করে ভর্তির আবেদন ফরম সতর্কতার সাথে পূরণ করে কম্পিউটার প্রদত্ত স্বয়ংক্রিয় আইডি নম্বর সংবলিত প্রিন্টকৃত ফরমটি জমা দিতে হবে। কম্পিউটারে প্রদত্ত স্বয়ংক্রিয় আইডি নম্বর স্টুডেন্ট আইডি হিসেবে ব্যবহৃত হবে।
- ১.৩ ভর্তির নির্দিষ্ট তারিখে শিক্ষার্থী/অভিভাবক/প্রতিনিধি কলেজের উচ্চমাধ্যমিক শাখা, কান্দিরপাড়ে উপস্থিত হয়ে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীদের নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র ক্রমানুসারে জেমস পিন দিয়ে আটকিয়ে A4 সাইজের খামে করে জমা দিতে হবে। খামের উপর শিক্ষার্থীর নাম, আইডি নং, রোল নং ও বিভাগের নাম লিখতে হবে।
 - (ক) ভর্তি ফি জমার রশিদের কলেজ অংশ
 - (খ) কলেজের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ও অঙ্গীকারনামা (স্বাক্ষরকৃত)
 - (গ) এসএসসি মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র
 - (ঘ) প্রশংসা পত্রের ফটোকপি ০২ কপি
 - (ঙ) এস.এস.সি ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্রের ফটোকপি ০২ কপি
 - (চ) ০৪ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও ০২ কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি (ছবির খামে করে জমা দিবে)
 - (ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের Online Copy (১৭ সংখ্যা) ফটোকপি ০১ কপি
 - (জ) পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি প্রত্যেকের ০১ কপি করে
 - (ঝ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের কোটা শনাক্তকরণের প্রমাণস্বরূপ-(১) মুক্তিযোদ্ধার মূল সনদ (২) পিতা/মাতার মূল জাতীয় পরিচয় পত্র (৩) দাদা/দাদী, নান/নানী মুক্তিযোদ্ধা হলে ওয়ারিশ হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক ধারাবাহিক ওয়ারিশনামার মূল সনদ সঙ্গে আনতে হবে (৪) সকল সনদের একসেট ফটোকপি জমা দিতে হবে।
 - (ঞ) ২% কোটার ক্ষেত্রে পিতা/মাতার কর্মস্থলের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র

২। ভর্তি তারিখ:

বিজ্ঞান	: ২৬/০৯/২০২৩খ্রি. থেকে ২৭/০৯/২০২৩খ্রি. পর্যন্ত
ব্যবসায় শিক্ষা	: ০১/০৯/২০২৩খ্রি. থেকে ০২/১০/২০২৩খ্রি. পর্যন্ত
মানবিক	: ০৩/১০/২০২৩খ্রি. থেকে ০৪/১০/২০২৩খ্রি. পর্যন্ত
ভর্তি কার্যক্রম	: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ০২টা পর্যন্ত

- ৩। শিক্ষার্থীগণ কলেজ অফিস কক্ষ হতে নিম্নলিখিত ভর্তি ফি জমা রশিদ (সঞ্চয়ী হিসাব নং- ০৩৫৮১০১০৮৫৯১৬ কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ শাখা, কেন্দ্রীয় তহবিল-১) সংগ্রহ করে পূর্বালী ব্যাংক ভিক্টোরিয়া কলেজ শাখা/প্রধান শাখা/ইসলামী উইডো শাখায় ভর্তি ফি পরিশোধ করবে। কলেজ অফিস শিক্ষার্থী কর্তৃক ব্যাংক জমা রশিদের কলেজ অংশ যাচাই-বাচাই করে গ্রহণ করবেন।

ভর্তি ও অন্যান্য ফি এর পরিমাণ :

বিভাগ	টাকার পরিমাণ
বিজ্ঞান	৩,০৫১/- (তিন হাজার একান্ন)
ব্যবসায় শিক্ষা ও মানবিক	২,৮১১/- (দুই হাজার আটশত এগারো)
ব্যবসায় শিক্ষা/মানবিক বিভাগের শিক্ষার্থীরা পরিসংখ্যান/গণিত বিষয় নিলে তাদের ক্ষেত্রে- ২,৮৫১/- (দুই হাজার আটশত একান্ন)	

প্রতিস্বাক্ষর

Ahmed
20.9.23

প্রফেরস ড. আবু জাফর খান (৩৯১৪)

অধ্যক্ষ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

Topon

তপন ভট্টাচার্য্য

সহযোগী অধ্যাপক, সমাজবিজ্ঞান বিভাগ ও আহ্বায়ক
২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি কমিটি
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

বিতরণ:

- ০১। উপাধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০২। সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৩। আহ্বায়ক, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি কমিটি, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৪। ব্যবস্থাপক, পূর্বালী ব্যাংক, কলেজ শাখা
- ০৫। স্টোর কিপার, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
- ০৬। অফিস কপি